**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরি-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.ssd.gov.bd

**সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন কারা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ‘‘খুলনা জেলা কারাগার পুনঃনির্মাণ” শীর্ষক প্রকল্পের ৯ম প্রজেক্ট স্টিয়ারিং কমিটি’র (পিএসসি) সভার কার্যবিবরণী**

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মশিউর রহমান এনডিসি<br>সিনিয়র সচিব |
| সভার তারিখ | **২৬/০৬/২০২৪** |
| সভার সময় | **বেলা: ০১.৩০টা** |
| স্থান | সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপন করার জন্য অতিরিক্ত সচিব (উন্নয়ন), সুরক্ষা সেবা বিভাগকে অনুরোধ করেন।

২। অতিরিক্ত সচিব (উন্নয়ন) জানান, ৩১.০৩.২০২৪ তারিখে অনুষ্ঠিত ৮ম পিএসসি সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকল কর্মকর্তার নিকট প্রেরণ করা হয়েছে। কার্যবিবরণীতে কোন পরিবর্তন/পরিমার্জন/সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা যেতে পারে। -**কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হলো।**

৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন, জুলাই, ২০১১ হতে জুন, ২০২৪ মেয়াদে ২৮৮.২৬ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের মে, ২০২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ২৩৩.২৫ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৮০.৯২% এবং ভৌত অগ্রগতি ৯৪%। ২০২৩-২৪ অর্থবছরে আরএডিপি বরাদ্দ ৭২.০৩ কোটি টাকা। ২০২৩-২৪ অর্থবছরে অবমুক্তকৃত অর্থের পরিমাণ ৭২.০৩ কোটি টাকা যা বরাদ্দের ১০০%। মে, ২০২৪ পর্যন্ত ব্যয় হয়েছে ২২.৬৭ কোটি টাকা যা আরএডিপি বরাদ্দের ৩১.৪৭%।

৪।অতিরিক্ত সচিব (উন্নয়ন) এ প্রকল্পের প্রকল্প পরিচালককে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করার জন্য অনুরোধ করেন। এ সময় প্রকল্প পরিচালক সভাকে জানান, নির্ধারিত সময়ে প্রকল্পের কাজ সম্পন্নের লক্ষ্যে Security equipment ক্রয় কার্যক্রম পিপিএ, ২০০৬ ও পিপিআর ২০০৮ যথাযথভাবে অনুসরণপূর্বক ত্বরান্বিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-৯কে অনুরোধ করা হয়েছে। ২০২৩-২৪ অর্থবছরের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা মোতাবেক ভৌত ও আর্থিক অগ্রগতির লক্ষ্যমাত্রা অর্জনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। সকল ক্রয় কার্যক্রম পিপিএ ২০০৬ ও পিপিআর ২০০৮ এর বিধি-বিধানসহ অন্যান্য আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-৯ কে অনুরোধ করা হয়েছে।

৫। তিনি প্রকল্পের অগ্রগতি সম্পর্কে বলেন, সকল পূর্তকাজ সমাপ্তির পর্যায়ে রয়েছে। ভৌত অবকাঠামো নির্মাণকাজ ত্বরান্বিত করার লক্ষ্যে মনিটরিং কার্যক্রম জোরদার করা হয়েছে। ২০২৩-২৪ অর্থবছরের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা মোতাবেক ভৌত ও আর্থিক অগ্রগতির লক্ষ্যমাত্রা অর্জনের জন্য পত্র প্রেরণ করা হয়েছে । ৩০ মে ২০২৪ তারিখের পিইসি সভার সিদ্ধান্ত মোতাবেক আন্তঃঅঙ্গ সমন্বয় প্রস্তাব অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।

৬। প্রকল্পের ভৌত কাজের অগ্রগতি সম্পর্কে প্রকল্প পরিচালক জানান, প্রশাসনিক ভবন ও পুরুষ সাক্ষাৎকার ভবনের কাজ ৯০% সম্পন্ন হয়েছে। পুরুষ বিচারাধীন বন্দিব্যারাক-১, পুরুষ বিচারাধীন বন্দিব্যারাক-২, পুরুষ বিচারাধীন বন্দিব্যারাক-৩ এবং পুরুষ শ্রেণিপ্রাপ্ত বন্দিব্যারাকসহ সকল পূর্তকাজ সম্ভাব্য জুন, ২০২৪ এর মধ্যে সমাপ্ত হবে । বহিঃ বিদ্যুৎ সরবরাহ সৌর বিদ্যুতায়ন, অতিরিক্ত পাম্প হাউজ এবং ১টি পানির রিজার্ভারের কাজ সম্পন্ন হয়েছে। আউটলেটে পুকুরের খননকাজ সম্পন্ন হয়েছে। আরসিসি অভ্যন্তরীণ রাস্তা, স্যালুটিং ডায়াস, ও প্যারেডগ্রাউন্ডের ভূমিউন্নয়নের কাজের পাশাপাশি রাস্তা, স্যালুটিং ডায়াস ও প্যারেড গ্রাউন্ডের কাজ প্রায় শেষ পর্যায়ে রয়েছে (৯৯% সম্পন্ন)। ভূমিউন্নয়ন, ভিজিটরওয়েটিংরুম, বাউন্ডারিওয়াল, পেরিমিটারওয়াল, পুরুষ শিশু-কিশোর বন্দিব্যারাকসহ অন্যান্য অঙ্গসমূহের কাজ প্রায় ১০০% সম্পন্ন হয়েছে।

৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন) জানান, নির্মাণকাজ ইতোমধ্যে শেষ পর্যায়ে রয়েছে। জুন, ২০২৪ এর মধ্যে নির্মাণকাজ সমাপ্ত হবে। অতিরিক্ত সচিব (উন্নয়ন) জানান, প্রকল্পের ২য় আন্তঃখাত সমন্বয় প্রস্তাব অনুমোদন করা হয়েছে। প্রকল্পটি জুন, ২০২৪ এর মধ্যে সমাপ্ত হবে। প্রকল্প সমাপ্তির পর প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) প্রদানের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

৮। **বিস্তারিত আলোচনা শেষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:**

**(৮.১)** নির্ধারিত সময়ে প্রকল্পের কাজ সম্পন্নের লক্ষ্যে Security equipment ক্রয় কার্যক্রম পিপিএ, ২০০৬ ও পিপিআর, ২০০৮ যথাযথভাবে অনুসরণপূর্বক সম্পন্ন করতে হবে;

(৮.২) ২০২৩-২৪ অর্থবছরের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা মোতাবেক ভৌত ও আর্থিক অগ্রগতির লক্ষ্যমাত্রা অর্জনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে;

(৮.৩) প্রকল্পের মেয়াদ নির্ধারিত সময়ে সমাপ্তের প্রয়োজনীয় কার্যক্রম দুত সম্পন্ন করতে হবে; এবং

(৮.৪) প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) যথাসময়ে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে।

৯। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


০৮-০৭-২০২৪
মোঃ মশিউর রহমান এনডিসি
সিনিয়র সচিব
+৮৮০-২-৯৫১১০৮৮ (ফোন)
+৮৮০-২-৯৫৭৪৪৯৯ (ফ্যাক্স)
secretary@ssd.gov.bd


তারিখ: ২৪ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
০৮ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৫৮.০০.০০০০.০৯৩.১৪.০০৪.২৪.৬০

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন;
২। সচিব, সচিবের দপ্তর, অর্থ বিভাগ;
৩। সচিব, সচিবের দপ্তর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ;
৪। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন;
৫। সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন;
৬। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন;
৭। অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), কারা অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ;
৮। অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ;
৯। ব্রিগেডিয়ার জেনারেল কারা মহাপরিদর্শক, কারা মহাপরিদর্শকের দপ্তর, কারা অধিদপ্তর;
১০। প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলীর দপ্তর, গণপূর্ত অধিদপ্তর;
১১। প্রধান স্থপতি, প্রধান স্থপতির দপ্তর, স্থাপত্য অধিদপ্তর;
১২। যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা অধিশাখা, সুরক্ষা সেবা বিভাগ;
১৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী , তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর;
১৪। প্রকল্প পরিচালক, "খুলনা জেলা কারাগার পুনঃনির্মাণ প্রকল্প", কারা অধিদপ্তর, বকশি বাজার, ঢাকা;
১৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিব-এর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ;
১৬। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ (ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ) এবং
১৭। সহকারী সচিব, পরি-২ শাখা, সুরক্ষা সেবা বিভাগ।

০৯-০৭-২০২৪
মোঃ শহীদ আতাহার হোসেন
উপসচিব

**সকল সংযুক্তিসমূহ:**

(১) Khulna